JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৫

প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৬

তারিখ : ২৯.১০.২০১৬ [মুক্তিযোদ্ধা কোটা] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান : ৮০

০১. Seismograph কী?

ক. পানির প্রবাহ মাপার যন্ত্র খ. বায়ু মাপার যন্ত্র
গ. ভূমিকম্প মাপার যন্ত্র ঘ. বৃষ্টিপাত মাপার যন্ত্র

উত্তর✓ গ ব্যাখ্যা

যন্ত্রের নাম	ব্যবহার
সিসমোগ্রাফ	ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র
ব্যারোমিটার	বায়ুর চাপ মাপার যন্ত্র
রেইনগেজ	বৃষ্টি পরিমাপক যন্ত্র
হাইড্রোফোন	পানির তলায় শব্দ নিরূপণের যন্ত্র

০২. 'যা সহজে অতিক্রম করা যায় না'-এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?

ক. অনতিক্রম্য খ. অলঙ্ঘ্য
গ. দুরতিক্রম্য ঘ. দুর্গম

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা অতিক্রম করা যায় না–অনতিক্রম্য, যেখানে যাওয়া কষ্টকর–দুর্গম, যা কষ্টে লঙ্ঘন করা যায়–দুর্লঙ্ঘ্য।

০৩. ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ যে কাল্পনিক রেখাটি বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে তা হলো–

ক. মূল মধ্যরেখা খ. কর্কটক্রান্তি রেখা
গ. মকরক্রান্তি রেখা ঘ. আন্তর্জাতিক তারিখ রেখা

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের ওপর দিয়ে যে গুরুত্বপূর্ণ ভৌগোলিক রেখা অতিক্রম করেছে সেটি হচ্ছে কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যান্সার। নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে। যা এশিয়ার দক্ষিণ ভাগ এবং বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গমন করেছে। এর অক্ষাংশ ২০°৩০' উত্তর।

০৪. কোনটি আদি স্বরাগম?

ক. রত্ন > রতন খ. স্ত্রী > ইস্ত্রী
গ. গ্রাম > গেরাম ঘ. স্নেহ > সিনেহ

উত্তর✓ খ ব্যাখ্যা উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনির আগমনকে আদি স্বরাগম বলে। যেমন : স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল।

০৫. 'Contaminate' means

ক. Think খ. Purify
গ. Pollute ঘ. Corruption

উত্তর✓ গ ব্যাখ্যা

Contaminate (v) – দূষিত করা ;	Purify (v) – বিশুদ্ধ করা ;
Pollute (v) – দূষিত করা ;	Corruption (N) – দুর্নীতি ;
Think (v) – চিন্তা করা ;	

০৬. বাক্য সংকোচন : হাতির বাসস্থান-

ক. গজগৃহ খ. হাতিগৃহ
গ. গুরুগৃহ ঘ. খাদা

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : অকর্মণ্য গবাদি পশু রাখার স্থান - পিঁজরাপোল, হাতির ডাক - বৃংহিত, অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার-চতুরঙ্গ, বিহঙ্গের ধ্বনি-কাকলি।

০৭. কোন দুটি রচনা একই শ্রেণির?

ক. গীতাঞ্জলি ও অগ্নিবীণা খ. ডাকঘর ও অগ্নিবীণা
গ. নীলদর্পণ ও বিষাদ-সিন্ধু ঘ. লালসালু ও বলাকা

উত্তর✓ ক ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'গীতাঞ্জলি' এবং কাজী নজরুল ইসলাম রচিত 'অগ্নিবীণা' উভয়ই কাব্যগ্রন্থ। 'ডাকঘর' নাটক ও 'শ্রীকান্ত' উপন্যাসের লেখক যথাক্রমে রবীন্দ্রনাথ ঠাকুর ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। 'নীলদর্পণ' নাটক ও 'বিষাদসিন্ধু' উপন্যাসের লেখক যথাক্রমে দীনবন্ধু মিত্র ও মীর মশাররফ হোসেন। 'লালসালু' উপন্যাস ও 'বলাকা' কাব্যগ্রন্থের রচয়িতা যথাক্রমে সৈয়দ ওয়ালীউল্লাহ ও রবীন্দ্রনাথ ঠাকুর।

০৮. অনাদর-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক. ন আদর খ. আদরের অভাব
গ. অনেক আদর ঘ. নাই আদর

উত্তর✓ ক ব্যাখ্যা ন আদর = অনাদর (নঞ তৎপুরুষ সমাস)। না বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

০৯. He is —— European.

ক. a খ. an
গ. none of them ঘ. the

উত্তর✓ ক ব্যাখ্যা word -এর প্রথমে u বা- eu বা ew থাকলে তার উচ্চারণ যদি 'ইউ' বা 'ew' এর মত হয় তাহলে (vowel) হওয়া সত্ত্বেও) তার আগে an না বসে a বসে।

১০. I know that he did the work– বাক্যটির সঠিক পরিবর্তিত voice কী হবে?

ক. It was known to me that the work has been done by him
খ. It was known to me that the work had been done by him
গ. It was known to me that the work was done by him
ঘ. It is known to me that the work was done by him

উত্তর✓ খ ব্যাখ্যা বাক্যে যদি- complex/compound sentence এর হয় তাহলে প্রত্যেকটি clause এর passive Voice করতে হয়। উল্লেখ্য যে, উভয় clause এর Finite verb টি transitive verb হতে হবে। প্রশ্নে উল্লিখিত 'know' এবং 'do' verb উভয়ই - transitive verb সেহেতু উভয় verb এর Passive form ব্যবহৃত হয়েছে।

১১. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কোনটি?

ক. 10 খ. 8
গ. 11 ঘ. 9

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন সংখ্যা দশটি। যথা : এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ।

১২. The —— of the camel was found lying by the side of the canal.

ক. Carcass খ. Corps
গ. Corpees ঘ. Corpse

উত্তর✓ ক ব্যাখ্যা carcass (N) – পশুপাখির মৃতদেহ ;
corpse (N) – মানুষের মৃতদেহ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৩. একটি বাড়ির উচ্চতা 40 ফুট। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে 9 ফুট দূরে রাখা হয়েছে। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

ক. 48 খ. 43
গ. 45 ঘ. 41

উত্তর✓ ঘ ব্যাখ্যা জয়কলি শর্ট টেকনিক



ধরি, মইটি BC = X ফুট

এখন, Δ ABC এ,

$BC^2 = AB^2 + AC^2$

$\Rightarrow x^2 = (40)^2 + (9)^2$

$\Rightarrow x = \sqrt{1681}$

$\therefore x = 41$ ফুট

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে, অতিভুজ^2 = লম্ব^2 + ভূমি^{2}]

$\overline{16}\,\overline{81}$ | 41
16
81 | 81
81

১৪. কোন দুটি মহাপ্রাণ ধ্বনি?

ক. খ, ঝ খ. ক, খ
গ. ত, দ ঘ. চ, জ

উত্তর✓ ক ব্যাখ্যা যেসব ধ্বনি উচ্চারণের সময় বাতাস জোরে সংযোজিত হয়, তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। যেমন : ক, গ, চ, ঝ ইত্যাদি।

১৫. 'He taught me to read Arabic' বাক্যটির Passive form হবে–

ক. I was taught by him to read Arabic.
খ. I have been taught by him to read Arabic.
গ. I have been taught by him to read Arabic.
ঘ. I was being taught by him to read Arabic.

উত্তর✓ ক ব্যাখ্যা বাক্যেটি - tought (past form of 'teach') verb এর me হওয়ায়- passive voice এর subject হিসেবে me এর subjective form 'I' এবং verb হিসেবে Active voice এর verb টির passive form 'was tought' ব্যবহৃত হয়েছে।

১৬. কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

ক. $\frac{5}{27}$ খ. $\frac{7}{36}$
গ. $\frac{11}{45}$ ঘ. $\frac{2}{9}$

উত্তর✓ ক ব্যাখ্যা

$\frac{2}{9} = 0.222, \frac{5}{27} = 0.185, \frac{7}{36} = 0.194$ এবং $\frac{11}{45} = 0.244$

উক্ত ফলাফল গুলোর মধ্যে $\frac{5}{27} = 0.185$ ফলাফল ক্ষুদ্রতম।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা $\frac{5}{27}$।

১৭. কোন শব্দটি পুত্র শব্দের সমার্থক নয়?

ক. আত্মজ খ. নন্দন
গ. তনয় ঘ. শৈলজ

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'পুত্র' শব্দের সমার্থক : আত্মজ, নন্দন, তনয়। 'শৈলজ' শব্দের সমার্থক পর্বতজাত বা পর্বতীয়।

১৮. কোনটি মূল ধ্বনি নয়?

ক. উ খ. অ
গ. এ ঘ. ঔ

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলা ভাষায় মূল ধ্বনি বা মৌলিক ধ্বনি দুটি। যথা : ঐ (অ + ই) এবং ঔ (অ + উ)।

১৯. 'ব্রিকস'-এর মূলমন্ত্র কী?

ক. সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি
খ. সন্ত্রাস দমনে একে অপরের সহযোগিতা
গ. সদস্য দেশের মধ্যে অর্থনৈতিক শ্রীবৃদ্ধি
ঘ. সাংস্কৃতিক ক্ষেত্রে সহায়তা প্রদান

উত্তর✓ ক ব্যাখ্যা ব্রিকস (BRICS) গঠিত হয় ১৬ মে ২০০৮ সালে। ব্রিকস এর সদস্য দেশ ৫ টি। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। ব্রিকস উদীয়মান অর্থনীতির পাঁচ দেশের সংগঠন। যার মূল উদ্দেশ্য সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি। ব্রিকস সম্মেলন-২০১৭ অনুষ্ঠিত হয় জিয়ামেন চীনে।

২০. Choose the right verb : Rabindranath's stories often —— surprise ending.

ক. had খ. have
গ. has ঘ. have had

উত্তর✓ খ ব্যাখ্যা প্রশ্নে উল্লিখিত বাক্যটির প্রসঙ্গ একটি সাধারণ সত্য বিষয়ে verb এর tense present indifinite tense এর হবে। subject (stories) plural হওয়ায় verb হিসেবে 'have' verb টি ব্যবহৃত হয়েছে।

২১. Which is a common noun?

ক. infant খ. Salt
গ. studentship ঘ. Army উত্তর ক

২২. কোন রাষ্ট্রগুলো দ্বীপের সমষ্টি?

ক. পাকিস্তান ও ইরান খ. জাপান ও ফিলিপাইন
গ. মিয়ানমার ও রাশিয়া ঘ. ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া

উত্তর✓ খ ব্যাখ্যা জাপান পূর্ব এশিয়ার একটি দ্বীপ রাষ্ট্র। হোক্কাইডো, হনসু, কিউসু জাপানের প্রধান দ্বীপ। ফিলিপাইন দক্ষিণ- পূর্ব এশিয়ার দ্বীপরাষ্ট্র যা ৭,১০৭ টি দ্বীপ নিয়ে গঠিত। ইন্দোনেশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপ রাষ্ট্র। এটি ১৭,৫০৮ টি দ্বীপ নিয়ে গঠিত। পাকিস্তান, ইরান, মিয়ানমার, রাশিয়া, মালয়েশিয়া দ্বীপরাষ্ট্র নয়।

২৩. বাংলাদেশের সংবিধান কতবার সংশোধিত হয়েছে?

ক. 17 খ. 14
গ. 16 ঘ. 15

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান সংশোধনী করা হয় সংবিধানের ১৪২ নং অনুচ্ছেদ অনুসারে। সংবিধানের প্রথম সংশোধনী করা হয় ১৯৭৩ সালে এবং সর্বশেষ বা ১৭তম সংশোধনী বিল পাশ হয় ৮ জুলাই ২০১৮ সালে।

২৪. Select the correct ones : Our teacher told the monitor to hand out scripts —— the class.

ক. among খ. between
গ. into ঘ. through

উত্তর✓ ক ব্যাখ্যা among the class- ক্লাসের সকল ছাত্র ছাত্রীর মধ্যে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'Amicable' শব্দের অর্থ–

ক. ঘৃণা খ. সৌহার্দ্যপূর্ণ
গ. বিরোধী ঘ. অশান্তি

উত্তর খ

$x + \frac{1}{x} = \sqrt{2}$ হলে, $x^2 + \frac{1}{x^2} = ?$

ক. 0 খ. -2
গ. 3 ঘ. -1

উত্তর ক ব্যাখ্যা

$x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$

$\because a^2 + b^2 = (a + b)^2 - 2ab$

$= (\sqrt{2})^2 - 2$

$= 2 - 2$

$= 0$

She asked me, "Are you happy in your new job?"

ক. She asked me if I was happy in my new job
খ. She asked me if I have been happy in my new job
গ. She asked me whether I am happy in my new job
ঘ. She asked me if I had been happy in my new job

উত্তর ক ব্যাখ্যা যেহেতু Reported speech টি interrogative sentence এর এবং helping verb দিয়ে শুরু সেহেতু Indirect Narration এ রূপান্তরের ক্ষেত্রে Conjunction হিসেবে if/whether ব্যবহৃত হবে। Reporting verb টি Past indifinite tense এর এবং Reported speech টি present indifinite tense এর হওয়ায় Reported speech এর Verb টি past indifinite tense এ পরিবর্তিত হবে।

কোন দেশটি BIMSTEC-এর সদস্য নয়?

ক. বাংলাদেশ খ. পাকিস্তান
গ. ভারত ঘ. থাইল্যান্ড

উত্তর খ ব্যাখ্যা BIMSTEC এর পূর্ণরূপ Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation. বিমসটেক প্রতিষ্ঠিত হয় ৬ জুন ১৯৯৭ সালে থাইল্যান্ডের ব্যাংককে। বিমসটেক এর সদর দপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত। এর সদস্য সংখ্যা ৭ টি। বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান। BIMSTEC এর সহযোগিতার ক্ষেত্র ১৪ টি।

'ঐশ্বর্য'-এর বিপরীত শব্দ কোনটি?

ক. নিঃস্ব খ. ঐচ্ছিক
গ. আসক্তি ঘ. পারত্রিক

উত্তর ক ব্যাখ্যা

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
ঐশ্বর্য	নিঃস্ব	ঐচ্ছিক	আবশ্যিক
আসক্তি	নিরাসক্তি	পারত্রিক	ঐহিক

'রাজর্ষি'-এর ব্যাসবাক্য কোনটি?

ক. যিনি ঋষি তিনিই রাজা খ. যিনি রাজা তিনিই ঋষি
গ. যিনি রাজা তিনি ঋষি ঘ. যিনি ঋষি তিনি রাজা

উত্তর খ ব্যাখ্যা যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি (কর্মধারয় সমাস)। বিশেষণ ও বিশেষ্য পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় কর্মধারয় সমাস।

৩১. 7 মার্চ 1971 এর বঙ্গবন্ধুর ভাষণের মূল বক্তব্য কী ছিল?

ক. স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা
খ. পুনরায় নির্বাচন দাবি
গ. সামরিক আইন জারি করা
ঘ. অনশন ধর্মঘট আহ্বান

উত্তর ক ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) এক ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। এ ভাষণের শেষের দিকে তিনি বলেন- 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' ৩০ অক্টোবর ২০১৭ ইউনেস্কো ৭ মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার' এ অন্তর্ভুক্ত করেছে।

৩২. Pragmatic' শব্দের অর্থ

ক. বাস্তবধর্মী খ. অগ্রবর্তী
গ. অবাস্তব ঘ. অসাধারণ

উত্তর ক

৩৩. Choose the correct options. The Government has extended a warm welcome– the visiting delegation.

ক. with খ. through
গ. to ঘ. for

উত্তর গ ব্যাখ্যা Welcome to - কাউকে স্বাগত জানানো।

৩৪. 99999 এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 2, 3, 4, 5 এবং 6 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

ক. 21 খ. 39
গ. 33 ঘ. 29

উত্তর ক ব্যাখ্যা 2, 3, 4, 5 ও 6 এর ল.সা.গু

2 | 2, 3, 4, 5, 6
3 | 1, 3, 2, 5, 3
1, 1, 2, 5, 1

ল.সা.গু = $2 \times 3 \times 2 \times 5 = 60$

60 | 99999 | 1666
60
399
360
399
360
399
360
39

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (60 – 39) = 21

৩৫. Identify the correct sentence :

ক. He was working hard to standing first
খ. He is working hardly to stand first
গ. He is working hard to stand first
ঘ. He working hard to standing first

উত্তর গ ব্যাখ্যা option গুলির মধ্যে সঠিক sentence টির verb present continuous tense এর হবে। Adverb হিসেবে hardly এর স্থানে hard (কঠোর ভাবে) ব্যবহৃত হবে। Adverb টির পরে উদ্দেশ্য বোঝাতে Infinitive phrase (to + v_1) অর্থাৎ 'to stand' ব্যবহৃত হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৬. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

ক. অজ খ. ফি
গ. অতি ঘ. খাস

উত্তর✓ ক ব্যাখ্যা তৎসম উপসর্গ - অতি, খাঁটি বাংলা উপসর্গ- অজ, বিদেশি উপসর্গ- ফি, খাস।

৩৭. $x - \frac{1}{x} = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

ক. 6 খ. 4
গ. 8 ঘ. 2

উত্তর✓ খ ব্যাখ্যা $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= 1^3 + 3.1$

$= 1+3 = 4$

৩৮. শতকরা 5 টাকা হার সুদের 120 টাকা 3 বছরে সুদ-আসলে কত হয়?

ক. 138 টাকা খ. 137.50 টাকা
গ. 148 টাকা ঘ. 135 টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা আমারা জানি,

$$\text{আসল} = \frac{\text{সুদাসল} \times 100}{100 + (\text{হার} \times \text{সময়})}$$

$$\Rightarrow 120 = \frac{\text{সুদাসল} \times 100}{100 + (5 \times 3)}$$

$$\Rightarrow 120 = \frac{\text{সুদাসল} \times 100}{115}$$

$$\Rightarrow \text{সুদাসল} = \frac{120 \times 115}{100} = 138 \text{ টাকা}$$

৩৯. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে?

ক. এ.এইচ.এম কামারুজ্জামান খ. তাজউদ্দীন আহমদ
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘ. সৈয়দ নজরুল ইসলাম

উত্তর✓ গ ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	প্রথম রাষ্ট্রপতি।
সৈয়দ নজরুল ইসলাম	প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি বা উপ-রাষ্ট্রপতি।
তাজউদ্দিন আহমদ	প্রথম প্রধানমন্ত্রী।
এ এইচ এম কামরুজ্জামান	প্রথম স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী।

৪০. 2016 সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?

ক. বব ডিলান খ. অমর্ত্য সেন
গ. মিলান কুন্ডেরা ঘ. হারুকি মুরা কামি

উত্তর✓ ক ব্যাখ্যা ২০১৬ সালে সাহিত্যে নোবেল পান মার্কিন গায়ক ও গীতিকবি বব ডিলান। আমেরিকান সঙ্গীতে নতুন কাব্যিক ধারা প্রবর্তনের জন্য প্রথম গীতিকার হিসেবে তিনি সাহিত্যে নোবেল পান। ২০১৭ সালে সাহিত্যে নোবেল পেয়েছেন ব্রিটিশ সাহিত্যিক কাজুও ইশিগুরো। জগতের সাথে মানুষের সম্পর্কের গভীরতর সত্যকে তুমুল আবেগের সাথে উপস্থাপন তার লেখার অন্যতম দিক। 'দ্য রিমেইনস অফ দ্য ডে' তার অন্যতম জনপ্রিয় উপন্যাস।

৪১. মহাস্থানগড়ের পুরাতন নাম কী?

ক. সুবর্নগ্রাম খ. পুণ্ড্রবর্ধন
গ. চন্দ্রদ্বীপ ঘ. সিংহজানী

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদ পুন্ড্র। এ জনপদের রাজধানী 'পুন্ড্রনগর' বা পুন্ড্রবর্ধন যা বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত। মহাস্থানগড় বগুড়া জেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত।

৪২. ষোলকলা অর্থ–

ক. সম্পূর্ণ খ. সুন্দর কলা
গ. ষোলটি কলা ঘ. এক টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা 'ষোলকলা' বাগধারাটির অর্থ : সম্পূর্ণ, পুরোপুরি।

৪৩. বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে?

ক. 2 খ. 3
গ. 4 ঘ. 1

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলা বর্ণমালায় বর্গীয়-ব এবং অন্তঃস্থ-ব এর আকৃতিতে কোনো পার্থক্য নেই। এখন আকৃতি ও উচ্চারণ অভিন্ন বলে অন্তঃস্থ-ব কে বর্ণমালা থেকে বাদ দেয়া হয়েছে।

৪৪. "লোভে পাপ, পাপে মৃত্যু" -এর ইংরেজি অনুবাদ কোনটি?

ক. Greed leads to sin and to death
খ. Greed leaded to sin and to death
গ. Greed leading to sin and to death
ঘ. Greed leads to sin and death

উত্তর✓ ক

৪৫. 1 + 2 + 3 + 4 + ... + 99 = কত?

ক. 4850 খ. 4950
গ. 4650 ঘ. 4750

উত্তর✓ খ ব্যাখ্যা

আমরা জানি, $\text{সমষ্টি} = \frac{n(n+1)}{2}$

$= \frac{99(99+1)}{2}$

$= \frac{99 \times 100}{2}$

$= 4950$

এখানে
পদসংখ্যা, n = 99
শেষ পদ, = 99
প্রথম পদ = 1

৪৬. xyz = 240 হলে y এর মান কোনটি হতে পারে না?

ক. 2 খ. 3
গ. 5 ঘ. 0

উত্তর✓ ঘ ব্যাখ্যা y এর মান ০(শূন্য) হতে পারে না। কেননা তখন xzএর মান অসজ্ঞায়িত হবে।

$xyz = 240$

$\Rightarrow xz = \frac{240}{y} = \frac{240}{0} = \propto$ (অসজ্ঞায়িত)

৪৭. বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম কী?

ক. শাহ মুহম্মদ সগীর খ. ভারতচন্দ্র রায়
গ. শামসুর রাহমান ঘ. কবি কঙ্ক

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম শাহ মুহম্মদ সগীর। তিনি মধ্যযুগের (আনুমানিক ১৪–এর শেষ থেকে ১৫ শতক) সবচেয়ে প্রাচীন কবি। তিনি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ-জোলেখা' রচনা করেন।

৪৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?

ক. 50 মিটার খ. 60 মিটার
গ. 30 মিটার ঘ. 40 মিটার

উত্তর✓ ক ব্যাখ্যা ধরি, প্রস্থ x মিটার, ∴ দৈর্ঘ্য 2x মিটার।
আমরা জানি, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = 2x × x
শর্তমতে, $2x \times x = 1250$

$\Rightarrow 2x^2 = 1250$

$\Rightarrow x^2 = \frac{1250}{2} = 625$

$\Rightarrow x = \sqrt{625} = 25$

∴ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 2 × 25 = 50 মিটার।

৫০. 60 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট বাঁশ কে 3:7:10 ভাগ করলে টুকরোগুলোর সাইজ কত?

ক. 9 মিটার, 21 মিটার, 30 মিটার
খ. 12 মিটার, 20 মিটার, 28 মিটার
গ. 8 মিটার, 22 মিটার, 30 মিটার
ঘ. 10 মিটার, 20 মিটার, 30 মিটার

উত্তর✓ ক ব্যাখ্যা অনুপাতগুলোর যোগফল = 3+7 + 10 = 20

∴ ১ম টির দৈর্ঘ্য $\left(60 \text{ এর } \frac{3}{20}\right) = 9$ মিটার।

২য় " " $\left(60 \text{ এর } \frac{7}{20}\right) = 21$ মিটার।

৩য় " " $\left(60 \text{ এর } \frac{10}{20}\right) = 30$ মিটার।

৫১. 6 জন স্ত্রীলোক অথবা 8 জন বালক একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। 3 জন স্ত্রীলোক ও 12 জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

ক. 3 দিন খ. 12 দিন
গ. 4 দিন ঘ. 6 দিন

উত্তর✓ ঘ ব্যাখ্যা ১ম শর্তে, বা / অথবা থাকলে

$\therefore D_2 = \frac{W_1 \times B_1 \times D_1}{W_1 \times B_2 + W_2 \times B_1}$

$= \frac{6 \times 8 \times 12}{6 \times 12 + 3 \times 8}$

$= \frac{576}{96}$

$\therefore D_2 = 6$ দিন

W_1 = ১ম মহিলা = 6 জন
B_1 = প্রথম বালক = 8 জন
D_1 = ১ম দিন = 12 দিন
W_2 = ২য় মহিলা = 3 জন
B_2 = ২য় বালক = 12 জন
D_2 = ২য় দিন = ?

এখানে D_2 চাওয়া হয়েছে এবং এই সব প্রশ্নে D_2 চাওয়া হয়।

৫২. কোন বানানটি শুদ্ধ?

ক. অসমীচীন খ. অসমিচিন
গ. অসমীচিন ঘ. অসমিচীন

উত্তর✓ ক ব্যাখ্যা

অশুদ্ধ	শুদ্ধ
সর্মিচিন	সমীচীন
মূমূর্ষু	মুমূর্ষু
শ্রশ্রুষা	শ্রশ্রূষা
দরাবস্থা	দুরবস্থা
বিভিষীকা	বিভীষিকা

৫২. $\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$ হলে x এর মান কত?

ক. 2 খ. 4
গ. 1 ঘ. 3

উত্তর✓ খ ব্যাখ্যা $\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$

$\Rightarrow \frac{4}{x+1} = 2 - \frac{3}{x}$

$\Rightarrow \frac{4}{x+1} = \frac{2x-3}{x}$

$\Rightarrow 2x^2 + 2x - 3x - 3 = 4x$

$\Rightarrow 2x^2 - x - 3 - 4x = 0$

$\Rightarrow 2x^2 - 5x - 3 = 0$

$\Rightarrow 2x^2 - 6x + x - 3 = 0$

$\Rightarrow 2x(x-3) + 1(x-3) = 0$

$\Rightarrow (x-3)(2x+1) = 0$

এখানে, $x - 3 = 0$ $2x + 1 = 0$
$\Rightarrow x = 3.$ $2x = -1$
$x = -\frac{1}{2}$

৫৩. বাক্য সংকোচন কী?

ক. ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি
খ. অসম্পূর্ণ বাক্য
গ. ক্ষুদ্রতম বাক্য
ঘ. একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা

উত্তর✓ ঘ ব্যাখ্যা একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে তাকে বাক্য সংকোচন বা বাক্য সংক্ষেপণ বলে। যেমন : যা নিবারণ করা কষ্টকর - দুর্নিবার।

৫৪. 125 এর 125% কত?

ক. 13.25 খ. 1.25
গ. 150 ঘ. 156.25

উত্তর✓ ঘ ব্যাখ্যা 125 এর 125 %

$= 125 \text{ এর } \frac{125}{100}$

$= 156.25$

৫৫. NAFTA -এর সদস্য সংখ্যা কত?

ক. 5 খ. 8
গ. 3 ঘ. 4

উত্তর✓ গ ব্যাখ্যা NAFTA উত্তর আমেরিকার একটি বাণিজ্য চুক্তি। NAFTA এর পূর্ণরূপ North American Free Trade Agreement. এর সদস্য দেশ তিনটি। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। NAFTA চুক্তি স্বাক্ষরিত হয় ১৭ ডিসেম্বর ১৯৯২ সালে এবং কার্যকর হয় ১ জানুয়ারি ১৯৯৪ সালে।

৫৬. মনমাঝি-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক. মনের মাঝি খ. মন রূপ মাঝি
গ. মন মাঝির ন্যায় ঘ. মন ও মাঝি

উত্তর✓ খ ব্যাখ্যা মন রূপ মাঝি = মনমাঝি (রূপক কর্মধারয় সমাস)। উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলা হয় রূপক কর্মধারায় সমাস।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৭. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা 1917 এর মূল প্রতিপাদ্য ছিল–

ক. জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন
খ. জাতিপুঞ্জ সৃষ্টি করা
গ. অটোম্যানদের জায়গা দখল করা
ঘ. ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন

উত্তর✓ ঘ ব্যাখ্যা বেলফোর ঘোষণা হল ব্রিটিশ ইহুদি সম্প্রদায়ের একজন নেতা ব্যারন রথচাইল্ডের কাছে যুক্তরাজ্যের পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোরের লেখা একটি চিঠি। চিঠিটি লেখা হয় ২ নভেম্বর ১৯৭১ সালে। এই চিঠির মূল বিষয় ছিল - ব্রিটিশ সরকারের কাছ থেকে ফিলিস্তিনে ইহুদি জাতীয় আবাসভূমি প্রতিষ্ঠার জন্য সমর্থনের নিশ্চয়তা।

৫৮. কোন বানানটি শুদ্ধ?

ক. মুমুর্ষু খ. মূমূর্ষ
গ. মূমূর্ষু ঘ. মুমূর্ষু

উত্তর ঘ

৫৯. Find the correct sentence :

ক. Over a billion people uses Microsoft Windows Operating Systems.
খ. Over a billion people use Microsoft Windows Operating Systems.
গ. Over a billion peoples use Microsoft Windows Operating Systems.
ঘ. Over a billion people using Microsoft Windows Operating Systems.

উত্তর✓ খ ব্যাখ্যা Subject verb agreemnent অনুযায়ী subject এর প্রকৃতি plural হলে 'verb' form টি plural হয়। বাক্যটিতে over a billion people plural হওয়ার verb টির plural form 'use' ব্যবহৃত হবে।

৬০. "অ্যাবাকাস" কী?

ক. হাঁস-মুরগির ভাইরাসজনিত একটি রোগ
খ. এক প্রকার সুমিষ্ট ফল
গ. এক প্রকার গণনা যন্ত্র
ঘ. ল্যাটিন আমেরিকার একটি ক্ষুদ্র দেশ

উত্তর✓ গ ব্যাখ্যা অ্যাবাকাস হলো পৃথিবীর প্রথম গণনা যন্ত্র। ফ্রেমে সাজানো গুটির স্থান পরিবর্তনের মাধ্যমে এ যন্ত্রে গণনা করা হতো। মনে করা হয় যে, খ্রিস্টপূর্ব ৩০০ - ৫০০ অব্দে মিশর ও চীনে আবিষ্কার হয়।

৬১. একটি গাড়ি 36000 টাকায় বিক্রয় করায় 20% ক্ষতি হলো। কত টাকায় বিক্রয় করলে 16% লাভ হতো?

ক. 50000 খ. 55000
গ. 53000 ঘ. 52200

উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{100}{100 - \text{ক্ষতি}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{100 - 20} \times 36000$

$= \frac{100}{80} \times 36000 = 45000$

বিক্রয়মূল্য $= \frac{100 + \text{লাভ}}{100} \times$ ক্রয় মূল্য

$= \frac{100 + 16}{100} \times 45000$

$= \frac{116}{100} \times 45000 = 52200$ টাকা

৬২. $(x + 3)(x - 3)$ কে $x^2 - 6$ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত?

ক. -3 খ. -6
গ. 6 ঘ. 3

উত্তর✓ ক ব্যাখ্যা

$(x + 3)(x - 3) = x^2 - 3x + 3x - 9 = x^2 - 9$

$x^2 - 6 \overline{\big)\, x^2 - 9}$ 1
$x_2 - 6$
$- \quad +$
-3

৬৩. বাংলা ভাষার মধ্যযুগ–

ক. 1201 থেকে 1500 খ্রিস্টাব্দ
খ. 600 থেকে 1500 খ্রিস্টাব্দ
গ. 1201 থেকে 1800 খ্রিস্টাব্দ
ঘ. 800 থেকে 1000 খ্রিস্টাব্দ

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলা ভাষাকে তিনটি যুগে ভাগ করা হয়েছে যেমন : প্রাচীন যুগ ৬৫০ থেকে ১২০০ খ্রিস্টাব্দ, মধ্যযুগ ১২০০ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ এবং আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান সময় পর্যন্ত।

৬৪. কম্পিউটারে কোনটি নেই?

ক. দীর্ঘ সময় কাজ করার ক্ষমতা খ. নির্ভুল কাজ করার ক্ষমতা
গ. স্মৃতি ঘ. বুদ্ধি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কম্পিউটার শব্দটি গ্রিক শব্দ Compute থেকে এসেছে যার অর্থ গণনা করা। সুতরাং কম্পিউটার হলো গণনাকারী যন্ত্র। তবে গণনার পাশাপাশি তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। কম্পিউটার মানুষের দেয়া নির্দেশ অনুসারে কাজ করে। তাই কম্পিউটারের নিজস্ব কোনো বুদ্ধি বিবেচনা নেই।

৬৫. $0.9623 - 31 =$ কত?

ক. -30.0377 খ. -29.0377
গ. -32.8246 ঘ. -31.0377

উত্তর✓ ক ব্যাখ্যা

-31.0000
$\underline{0.9623}$
-30.0377

৬৬. Choose the word correctly spelt.

ক. Soverignty খ. Sovereignty
গ. Sovereiginity ঘ. Soverinty

উত্তর খ

৬৭. তিন ভাইয়ের বয়সের গড় 16 বছর। পিতাসহ 3 ভাইয়ের বয়সের গড় 25 বছর হলে, পিতার বয়স কত?

ক. 45 খ. 42
গ. 52 ঘ. 41

উত্তর✓ গ ব্যাখ্যা পিতা + 3 ভাই = 4 জনের মোট বয়স

$= (25 \times 4) = 100$ বছর

(–) করে 3 ভাইয়ের মোট বয়স $= (16 \times 3) = 48$ বছর

পিতার বয়স = 52 বছর

৬৮. কোনটি সঠিক উত্তর?

ক. $\sin 1° = \sin 179°$ খ. $\sin 1° < \sin 180°$
গ. $\sin 1° < \sin 179°$ ঘ. $\sin 1° = \sin 181°$

উত্তর✓ ক ব্যাখ্যা $\sin 1° = \sin(180° - 1°) = \sin 179°$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৯. মুক্তিযুদ্ধের আত্মসমর্পণের দলিল কোথায় স্বাক্ষরিত হয়?
ক. সোহরাওয়ার্দী উদ্যান খ. শিশুপার্ক
গ. লালদিঘি ময়দান ঘ. রমনা পার্ক

উত্তর ক ব্যাখ্যা পাকিস্তানী বাহিনী আত্মসমর্পণ করে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) ১৬ ডিসেম্বর ১৯৭১ সালে। পাকিস্তানী বাহিনীর পক্ষে স্বাক্ষর করেন জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী। ভারত - বাংলাদেশ যৌথ কমান্ডের পক্ষে স্বাক্ষর করেন জেনারেল জগজিৎ সিং অরোরা। বাংলাদেশের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার।

৭০. একটি সংখ্যা 650 হতে যত বড় 820 হতে তত ছোট। সংখ্যাটি কত?
ক. 800 খ. 780
গ. 730 ঘ. 735

উত্তর ঘ ব্যাখ্যা যত বড় তত ছোট জাতীয় কথা থাকলে,

$$\text{সংখ্যাটি} = \frac{\text{১ম সংখ্যা} + \text{২য় সংখ্যা}}{২}$$

$$= \frac{650 + 820}{2}$$

$$= 735$$

৭১. 'কলসটি কানায় কানায় পূর্ণ'– কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে সপ্তমী খ. স্থানাধিকরণে সপ্তমী
গ. ভাবাধিকরণে সপ্তমী ঘ. কালাধিকরণে সপ্তমী

উত্তর গ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে। 'কলসটির কানায় কানায় পরিপূর্ণ'- বাক্যে ভাবের অভিব্যক্তি প্রকাশ করায় 'কলসটি কানায় কানায় পূর্ণ' ভাবাধিকরণ কারক। আর 'কানায়' শব্দটিতে 'য়' থাকায় এটি সপ্তমী বিভক্তি।

৭২. He writes a letter. In this sentence, 'Write' is a –
ক. Transitive verb খ. Intransitive verb
গ. Principal verb ঘ. Auxiliary verb উত্তর ক

৭৩. In order to access the world wide web you need–
ক. An Internet connection, an Internet service provider & Browser
খ. Internet Explorer
গ. Modem & Browser
ঘ. Nothing উত্তর ক

৭৪. বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি কোন প্রকার শক্তিতে রূপান্তরিত হয়?
ক. শব্দ শক্তিতে খ. আলোক শক্তিতে
গ. তাপ শক্তিতে ঘ. রাসায়নিক শক্তিতে

উত্তর ক ব্যাখ্যা শক্তির এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তন হওয়াকে শক্তির রূপান্তর বলে। বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।

৭৫. শশব্যস্ত কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব

উত্তর ক ব্যাখ্যা শশকের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত (উপমান কর্মধারয় সমাস)। যে কর্মধারয় সমাসে সাধারণ কর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের মিলন হয়, তাকে বলে উপমান কর্মধারয় সমাস।

৭৬. The plural form of 'Nucleus' is–
ক. Nucleausy খ. Nuclei
গ. Nucleis ঘ. Nucleuses উত্তর খ

৭৭. She said, "Let me come in", Which of the following is correct indirect form.
ক. She requested that she may be allowed to come in
খ. She requested that she might come in
গ. She said that she come in
ঘ. She requested that she may come in.

উত্তর খ ব্যাখ্যা Reported speech টি imperative sentence এর অনুরোধজ্ঞাপক হওয়ায় Indirect speech এ রূপান্তরের ক্ষেত্রে Reporting verb 'Said' এর স্থলে requested ব্যবহৃত হবে এবং that clause এর subject এর পর Helping verb হিসেবে might ব্যবহৃত হবে।

৭৮. 10 টি সংখ্যার যোগফল 400। তাদের প্রথম 6টির গড় 40 এবং শেষ 6টির গড় 30। ষষ্ঠ সংখ্যাটি কত?
ক. 40 খ. কোনোটিই নয়
গ. 20 ঘ. 30

উত্তর খ ব্যাখ্যা ধরি, পঞ্চম সংখ্যা a
এবং ষষ্ঠ " b
প্রথম 6 টি সংখ্যার সমষ্টি $(6 \times 40) = 240$
শেষ 6 টি সংখ্যার সমষ্টি $(6 \times 30) = 180$
$\therefore 240 - (a + b) + 180 - (a + b) + (a + b) = 400$
$\Rightarrow 420 - (a + b) = 400$
$\Rightarrow a + b = 20$
যেহেতু ৫ম ও ৬ষ্ঠ সংখ্যার সমষ্টি 20 এবং অপশনে 20 এর চেয়ে ছোট কোনো মান নেই। তাই উত্তর হবে কোনোটিই নয়।

৭৯. মাইক্রোনেশিয়া এর অবস্থান হলো–
ক. পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে
খ. এশিয়া ও আফ্রিকার মাঝে
গ. আটলান্টিকের পূর্বে
ঘ. এশিয়া ও ইউরোপের মাঝে

উত্তর ক ব্যাখ্যা মাইক্রোনেশিয়া শব্দের অর্থ ক্ষুদ্র দ্বীপ। ওশেনিয়া মহাদেশে নিরক্ষরেখার নিকটবর্তী দ্বীপসমূহ মাইক্রোনেশিয়া অঞ্চল নামে পরিচিত। এ অঞ্চলে পাঁচটি স্বাধীন দেশ রয়েছে। যথা: মাইক্রোনেশিয়া, কিরিবাতি, নাউরু, মার্শাল দ্বীপপুঞ্জ ও পালাউ। এছাড়া আরো কিছু উপনিবেশিক দ্বীপ রয়েছে। গুয়াম, ওয়াক দ্বীপ, উত্তর মারিয়ানা দ্বীপপুঞ্জ প্রভৃতি।

৮০. A rolling stone gathers no moss. Here 'rolling' is?
ক. Participle খ. Adjective
গ. Gerund ঘ. Varbal Noun

উত্তর ক,খ ব্যাখ্যা rolling stone অর্থাৎ যে stone টি গড়িয়ে পড়ছে। যেহেতু rolling শব্দটি দ্বারা stone এর একটা বিশেষ অবস্থা বোঝাচ্ছে সেহেতু এটি prticiple এবং Adjective দুটোই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS